



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**  
**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**  
(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ ডিসেম্বর ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

**পানছড়িতে সন্ত্রাসী হামলা চালিয়ে ২ জনকে হত্যা ও ইউপিডিএফ প্রার্থীর  
নির্বাচনী অফিস পুড়িয়ে দেয়ার ঘটনায় নিন্দা ও প্রতিবাদ**

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের ভারপ্রাপ্ত প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ২৪ ডিসেম্বর ২০১৮, সোমবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে খাগড়াছড়ির পানছড়ি উপজেলার পুজগাঙে আওয়ামী লীগের মদদে সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীদের সশস্ত্র হামলায় ২ জনকে হত্যা ও ইউপিডিএফ সমর্থিত স্বতন্ত্র প্রার্থীর নির্বাচনী অফিস আগুন দিয়ে পুড়িয়ে দেয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ দুপুর ১২টার দিকে আওয়ামী লীগ প্রার্থী কুজেন্দ্র লাল ত্রিপুরার লেলিয়ে দেওয়া সংস্কারবাদী জেএসএস-এর একদল সশস্ত্র সন্ত্রাসী পুজগাঙ বাজার এলাকায় সশস্ত্র হামলা চালায়। সন্ত্রাসীদের এলোপাতাড়ি ব্রাশফায়ারে ঘটনাস্থলে ২ ব্যক্তি মারা যায়। এরা হলেন পুজগাঙের লেন্দিয়া পাড়ার বাসিন্দা উজ্জ্বল চাকমা ওরফে চিক্কো(৩১) ও হাটহাজারী এলাকার বাসিন্দা রাস্তায় ঢালাই কাজে নিয়োজিত শ্রমিক মোঃ সোহেল রানা (২৬)।

এরপর সন্ত্রাসীরা ব্রাশ ফায়ার করতে করতে ইউপিডিএফ সমর্থিত স্বতন্ত্র প্রার্থী নুতন কুমার চাকমার নির্বাচনী অফিসে গিয়ে হামলা চালায় এবং অফিসটি আগুন দিয়ে পুড়িয়ে দেয়।

বিবৃতিতে তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন, গতকাল সন্ত্রাসীরা খাগড়াছড়ি সদরস্থ ভাইবোনছড়া ইউপি'র মনিথামে স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের ঘরবাড়ি ভাংচুর করে ছাড়খার করে দেয়ার পরও প্রশাসন সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তারা আরো বেপরোয়া হয়ে আজ এই হত্যাকাণ্ড সংঘটিত করার সাহস পেয়েছে। তাই প্রশাসন কিছুতেই এই হত্যাকাণ্ডের দায় এড়াতে পারে না।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা উদ্বৈগ প্রকাশ করে আরো বলেন, আওয়ামী লীগ সারাদেশের ন্যায় পার্বত্য চট্টগ্রামেও ত্রাসের রাজত্ব কয়েম করার লক্ষ্যে সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীদের মোটা অংকের টাকা দিয়ে ভাড়া করেছে। তাদেরকে দিয়ে হামলা, খুন, গুম, অপহরণসহ নানা সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে জনমনে ভীতি সঞ্চার করে নির্বাচনে প্রভাব বিস্তার ও মানুষের ভোটাধিকার কেড়ে নেয়ার অপচেষ্টা চালাচ্ছে।

বিবৃতিতে তিনি খুনী-সন্ত্রাসীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানোর জন্য এলাকার সর্বস্তরের জনগণের প্রতি আহ্বান জানান।

ইউপিডিএফ নেতা অবলিষ্মে পুজগাঙে হত্যাকাণ্ড ও নির্বাচনী অফিস পুড়িয়ে দেয়ার সাথে জড়িত সংস্কারবাদী জেএসএস সন্ত্রাসীদের গ্রেফতারপূর্বক দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান এবং নির্বাচনের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার জোর দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা  
প্রচার ও প্রকাশনা বিভাগ  
ইউপিডিএফ।